# বিসিএস ক্যাডারভুক্ত (প্রশাসন, পুলিশ, বন ও রেলওয়ে) এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কর্মকর্তাগণের ১১৯তম সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ কোর্স ২০১৯-২০২০ এর প্রশিক্ষণ নির্দেশিকা

## ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
## তেজগাঁও, ঢাকা - ১২০৮



Front Cover Page



ভিআইপি তাবু



আইপি তাবু

Front Cover Back Page

# বিসিএস ক্যাডারভুক্ত (প্রশাসন, পুলিশ, বন ও রেলওয়ে) এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কর্মকর্তাগণের ১১৯তম সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ কোর্স ২০১৯-২০২০

**যৌথ ক্যাম্প** :

অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট (ওটিআই) মাঠ, সাভার, ঢাকা
১৬/১১/২০১৯ খ্রি. (শনিবার) হতে ১৯/১২/২০১৯ খ্রি. (বৃহস্পতিবার)

**বিভক্ত ক্যাম্প** :

২০/১২/২০১৯ খ্রি. (শুক্রবার) হতে ২৮/১২/২০১৯ খ্রি. (শনিবার)
স্থান: বিভিন্ন জোনাল সেটেলমেন্ট অফিস ও এর আওতাধীন মাঠ কার্যালয় সমূহ

**সমাপনী** :

স্থান: ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা এর কনফারেন্স রুম
১৯/১২/২০১৯ খ্রি. (রবিবার)

**ভূমিকা :** মানব সভ্যতার সূচনা লগ্নেই মানুষ জানতে পারে তার প্রথম এবং প্রধান চাহিদা বা প্রয়োজনের নাম হচ্ছে "ভূমি"। ভূমিষ্ঠ হবার পর থেকে মৃত্যু পর্যন্ত মানুষের কাছে প্রধান নির্ভরযোগ্য ও মূল্যবান সম্পদ হিসেবে স্বীকৃত হয়ে আসছে "ভূমি"। এর অন্যতম কারণ হচ্ছে মানুষের জীবন ধারণের জন্য মৌলিক চাহিদার প্রায় সবগুলোই ভূমির কাছ থেকেই পাওয়া যায়। "ভূমি" প্রকৃতির অন্যতম অবদান হলেও এর ব্যবহার প্রাকৃতিক নয়। যুগে যুগে মানব সভ্যতার ও জ্ঞান-বিজ্ঞানের বিবর্তনের সাথে সাথে "ভূমি" ব্যবহারেও এসেছে নানা বৈচিত্র। ফলে সময়ে সময়ে এর রক্ষণাবেক্ষণ পদ্ধতির ক্ষেত্রেও পরিবর্তন ও সংস্কার সাধিত হচ্ছে। আধুনিক বিশ্বে ভূমি, ভূমি ব্যবহার ও ভূমি ব্যবস্থাপনার সাথে জাতীয় উন্নয়ন পরিকল্পনার প্রায় প্রতিটি বিষয় যেমন-রাজনীতি, অর্থনীতি, প্রতিরক্ষা, জাতীয় উন্নয়ন, উন্নয়ন পরিকল্পনা, কৃষি ইত্যাদি এমন ওতপ্রোতভাবে সম্পৃক্ত যে এর একটি থেকে আর একটি আলাদা করা কঠিন।

আমাদের বিশাল জনগোষ্ঠী সম্বলিত এ ছোট দেশের সীমিত ভূ-সম্পদ এবং তার উপর জনসাধারণের প্রচন্ড চাপ ও চাহিদা এ দেশের ভূমি সম্পদকে করেছে আরও বেশী মূল্যবান। আমরা জানি, যে জিনিষ যত বেশী মূল্যবান তার রক্ষণাবেক্ষণে তত বেশী সতর্ক ও যত্নবান হওয়া প্রয়োজন। কেননা জগতে সব সময়ই মূল্যবান জিনিষ নিয়েই যত বিরোধের সূত্রপাত। কোন 'দেশ' বা 'জাতি' ভূমির কতটা যত্ন নিচ্ছে সেটা বুঝা যায়- (ক) সে দেশের ভূমির ব্যবস্থাপনা সুষ্ঠুতা দিয়ে, (খ) ভূমি প্রশাসনের দক্ষতা দিয়ে এবং (গ) ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে। আর এ তিনটি বিষয় সুনিশ্চিত করার জন্য সর্বাগ্রে যা প্রয়োজন তা হচ্ছে সকলের কাছে গ্রহণযোগ্য একপ্রস্থ স্বত্বলিপি এবং তার সুষ্ঠু সংরক্ষণের জন্য সঠিক ভূমি ব্যবস্থাপনা এবং সামগ্রিক বিষয় বাস্তবায়নের উপযুক্ত জনবল।

ভূ-স্বত্বের প্রতি মানুষের একটি সহজাত আকর্ষণ রয়েছে। ভূ-স্বত্বের উপর অধিকার প্রতিষ্ঠার জন্য মানুষ প্রতিনিয়ত সংগ্রাম করে যাচ্ছে। ফলশ্রুতিতে এ ভূমিকে কেন্দ্র করেই কলহ-বিবাদ, যুদ্ধ-বিগ্রহ, আন্দোলন ও বিপব হয়েছে। এ কারণে যুগ যুগ ধরে ভূমি ব্যবস্থার ওপর সমাজ বিজ্ঞানী, রাজনীতিবিদ ও পরিকল্পনাবিদদের দৃষ্টি নিবদ্ধ রয়েছে। একথা বলাই বাহুল্য যে, যারাই প্রশাসনের সাথে জড়িত, বিশেষ করে যারা মাটি ও মানুষ নিয়ে কাজ করেন, যারা আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণ ও বিচার কাজে নিয়োজিত তাঁদের সকলেরই দেশের ভূমি ব্যবস্থা ও ভূমি প্রশাসন সম্পর্কে পরিচ্ছন্ন ধারণা থাকা প্রয়োজন। এ কারণেই সরকার প্রতি বছর বিসিএস ক্যাডারভুক্ত (প্রশাসন, পুলিশ, বন ও রেলওয়ে) এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কর্মকর্তাগণের সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণের আয়োজন করে থাকে।

**প্রশিক্ষণ কর্মসূচীর উদ্দেশ্য :**

- দেশের জরিপ ব্যবস্থা এবং ভূমি আইনের ক্রমবিকাশের বর্তমান ধারা সম্পর্কে কর্মকর্তাদের অবহিত করা।
- সার্ভে এন্ড সেটেলমেন্টের বিভিন্ন স্তর, পদ্ধতি ও কার্যক্রম সম্পর্কে কর্মকর্তাদের হাতে কলমে পরিচিত করা।
- বিচার, তদন্ত ও প্রশাসনিক কাজে সার্ভে এন্ড সেটেলমেন্ট সংক্রান্ত বিভিন্ন দলিল-দস্তাবেজ এর ব্যবহার সম্পর্কে ধারণা দেয়া।
- ভূমি প্রশাসন ব্যবস্থা ও ভূমি সংস্কার কর্মসূচী সম্পর্কে ধারণা দেয়া এবং এ বিষয়ে আগ্রহ সৃষ্টি করা।
- পারস্পরিক আলাপ-আলোচনা, মত বিনিময় এবং ভাবের আদান-প্রদানের মাধ্যমে ভূমি রেকর্ড ও জরিপ ব্যবস্থা এবং ভূমি প্রশাসন দেশের অর্থনৈতিক উন্নয়নে কি ভূমিকা রাখতে পারে সে সম্পর্কে বিশ্লেষণধর্মী চিন্তার বিকাশ ঘটানো।

**প্রশিক্ষণ কোর্সের বৈশিষ্ট্য :**

অন্যান্য প্রশিক্ষণ কর্মসূচী থেকে সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ কর্মসূচী একটু ভিন্নতর। এ প্রশিক্ষণ কর্মসূচীর একটি ঐতিহ্য রয়েছে। অতীত ঐতিহ্যের সাথে বর্তমান কালের চাহিদার সমন্বয়ে প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন করা হয়ে থাকে। পুরাতন ঐতিহ্যের ধারা অনুসারে প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ ক্যাম্পে তাঁবুতে থাকেন এবং মাঠে হাতে কলমে কাজ শেখেন। মাঠে ব্যবহারিক বিষয়ের পাশাপাশি শ্রেণীকক্ষে তাত্ত্বিক বিষয়ে শিক্ষাদানের ব্যবস্থা রয়েছে। বিভাগীয় প্রয়োজন ও শিক্ষার্থীদের চাহিদা অনুযায়ী একটি পাঠ্যক্রম প্রণয়ন করা হয়েছে।

**প্রশিক্ষণ পদ্ধতি :**

এ প্রশিক্ষণ কর্মসূচীকে দু'ভাগে ভাগ করা হয়েছে। প্রথম ৩০ কর্মদিবস প্রশিক্ষণার্থীদের সম্মিলিতভাবে যৌথ ক্যাম্পে প্রশিক্ষণ দেয়া হবে। চারজন প্রশিক্ষণার্থীকে নিয়ে একটি দল গঠন করা হবে। প্রত্যেক দলকে আনুমানিক ৩০/৪০ একর জমি সরজমিনে ভূমি জরিপ করে নক্সা অংকনের জন্য বরাদ্দ করা হবে। এখানে প্রশিক্ষণার্থীগণ সার্ভে এন্ড সেটেলমেন্টের কলা-কৌশল সম্পর্কে হাতে কলমে শিক্ষা লাভ করবেন। প্রশিক্ষণ প্রদানের জন্য অভিজ্ঞ সার্ভেয়ার ও উপসহকারী সেটেলমেন্ট অফিসারগণ নিয়োজিত থাকবেন। উপরন্তু একজন কারিগরি উপদেষ্টা প্রয়োজনীয় পরামর্শ দেবেন। প্রত্যহ অপরাহ্নে পাঠ্যক্রম অনুযায়ী ক্লাশ নেয়া হবে।

এতদ্ব্যতীত ভূমি আইন ব্যবস্থাপনায় দীর্ঘ দিনের অভিজ্ঞতাসম্পন্ন বিশিষ্ট ব্যক্তিবর্গকে বক্তা হিসেবে আমন্ত্রণ জানানোর ব্যবস্থা করা হবে। তাঁরা ভূমি ব্যবস্থাপনা, ভূমি সংস্কার কর্মসূচী এবং ভূমি সংশ্লিষ্ট বিভিন্ন আইন সম্পর্কে বক্তব্য উপস্থাপন করবেন। এসব আলোচনাচক্রে প্রশিক্ষণার্থীগণ অতিথি বক্তাদের সাথে বিভিন্ন বিষয়ে মত বিনিময়ের সুযোগ পাবেন (যৌথ ক্যাম্পের বিস্তারিত প্রশিক্ষণ কর্মসূচী পরিশিষ্ট-'ক)।

যৌথ ক্যাম্পের পর নির্ধারিত তারিখে প্রশিক্ষণার্থীগণ বিভক্ত ক্যাম্পে বিভিন্ন জেলায় যোগদান করবেন। যে সকল জেলায় বর্তমান জরিপের কাজ চলছে, সেখানে তাঁরা জরিপের বিভিন্ন স্তরের কাজ যথাঃ-খানাপুরী, বুঝারত, তসদিক, আপত্তি ও আপীলের কাজ সম্পর্কিত বিষয় সংশ্লিষ্ট সেটেলমেন্ট অফিসারের তত্ত্বাবধানে বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করবেন।

**নকশা প্রস্তুতের মৌলিক উপকরণ ও বিভিন্ন প্রকার যন্ত্রপাতির ব্যবহার:**

১৮৭৫ সনের সার্ভে এবং ১৯৫৭ সনের (১৯৭৫ সনে সংশোধিত) টেকনিক্যাল রুলস এর উপর ভিত্তি করে মৌজা ভিত্তিক নকশা প্রস্তুত করা হয়। নকশা সরেজমিনের প্রতিচ্ছবি এবং ভূমি মালিকানা নির্ধারণেরও অপরিহার্য অঙ্গ। অর্থাৎ নকশা ও রেকর্ড পরস্পরের পরিপূরক। ভূমির সীমানা ও মালিকানা সংক্রান্ত বিরোধ নিস্পত্তিতে নকশা অপরিহার্য। এই গুরুত্বপূর্ণ ভূমির নকশা প্রস্তুত করার কাজে মৌলিক উপকরণ হিসাবে একটি পি-৭০ শীটসহ (যে বিশেষ কাজের উপর নকশা অংকন করা হয়) বিভিন্ন ধরনের সার্ভে যন্ত্রপাতি ব্যবহার করা হয় । উন্নত বিশ্বে ভূমি জরিপে আধুনিক সার্ভে যন্ত্রপাতি ব্যবহৃত হলেও আমাদের দেশে মান্ধাতার আমলের সার্ভে যন্ত্রপাতি দ্বারা ভূমি নকশা প্রস্তুত করা হয়। তবে সুখের বিষয় বর্তমানে স্বল্প পরিসরে আধুনিক জরিপ যন্ত্রপাতি ব্যবহার করার কাজ আরম্ভ করা হয়েছে। ভূমি জরিপে ব্যবহৃত যন্ত্রপাতির নাম ও ব্যবহার নিম্নে উল্লেখ করা হলো ঃ

## প্রচলিত উপকরনঃ

### ১। পি-৭০ শিট :

নকশা তৈরির মৌলিক উপকরণ হিসাবে একটি বিশেষ ধরনের মোটা গ্রাফ পেপার ব্যবহার করা হয়। এতে হালকা সবুজ কালারের লম্বায় ২৮ টি ও পাশে ২০ টি ১"-২০"X ৫৬০ বর্গ ইঞ্চি পরিমাণ স্থান রয়েছে । ট্রাভার্স জরিপ সম্পন্নের পর এ ধরণের সিটেট্রাভার্স খুঁটির অবস্থান চিহ্নিত করা থাকে। এর উপর ভিত্তি করে আমিনগণ মাঠে সরজমিনের প্রতিচ্ছবি অংকন করেন। ছোট আকারের মৌজা হলে একটি শীটে একটি মৌজা আঁকা সম্ভব হয়। আবার বড় আকারের মৌজা হলে একাধিক পি-৭০ শীটে তা অংকন করতে হয়।

### ২। থিওডোলাইট যন্ত্র :



একটি ভূমির নকশা প্রস্তুতির জন্য সরজমিনে কিছু নির্দিষ্ট পয়েন্টে চিহ্নিত করে (ট্রাভার্স পয়েন্ট) ঐ সকল পয়েন্টের স্থানাংক নির্ণয়ের জন্য এক পয়েন্ট হতে অপর পয়েন্টের কৌণিক দূরত্ব পরিমাপ, পর্যবেক্ষণ ইত্যাদি কাজের জন্য দূরবীণযুক্ত যে যন্ত্রটি ব্যবহার করা হয় তাকে থিওডোলাইট যন্ত্র বলে। এর সাহায্যে প্রাপ্ত ট্রাভার্স পয়েন্টের স্থানাংক দ্বারা তৈরি নির্দিষ্ট স্কেলের পি-৭০ শীট (যার উপর নকশা আকা হয়) প্রস্তুত করা হয়। জরিপ কাজে এ যন্ত্রের কোন বিকল্প নেই।

### ৩। ত্রি-পায়া টেবিল :



ভূমি জরিপে নকশা প্রস্তুতের জন্য বিশেষ ধরনের তিন পা বিশিষ্ট একটি অংশ এবং ৩' হতে ২'-৬" পরিমাপের মধ্যস্থলে চাকতিযুক্ত টেবিল যা প্রয়োজনে ত্রিপায়ার সাথে নাট দ্বারা আটকানো যায় এ ধরনের টেবিলকে ত্রি-পায়া টেবিল বলা হয়। ত্রি-পায়া হওয়ার কারণে সমতল কিংবা উঁচু নিচু স্থানেও এটি সেট করা যায়। এটির উপর প্রাপ্ত পি-৭০ শীট সেট করে নকশা অংকন করা হয়।

### ৪। গান্টার চেইন :




এটি ভূমি পরিমাপের জন্য একটি বিশেষ ধরনের চেইন। এটির মোট দৈর্ঘ্য ৬৬ ফুট । এই ৬৬ ফুটকে ১০০ ভাগে ভাগ করা হয়েছে। প্রতিটি ভাগকে ১ লিংক বলা হয়। প্রতি ১০ লিংক পর পর চিহ্ন দেওয়া আছে। এই চিহ্নকে 'ফুলী' বলা হয়। এই ফুলীগুলো বিশেষভাবে চিহ্নিত করা হয়েছে যাতে 'ফুলী' দেখে কত লিংক তা সহজে বলা যায়। সে হিসাবে ১ ফুট = ১.৫১৫ লিংক হয়। মিঃ গান্টার নামের এক ব্যক্তি এই চেইন উদ্ভাবন করায় তার নাম অনুসারে এই চেইনের নামকরণ করা হয়েছে গান্টার চেইন ।

### ৫। চেইন পিন :



নকশা প্রস্তুতের সময় গান্টার চেইনের সাথে এই পিন ব্যাবহার করা হয়। প্রত্যেক চেইন এর শেষে একটি করে পিন পোতা হয়। এক সেটে মোট ১০ টি পিন থাকে। প্রতিটি পিন আনুমানিক দেড় ফুট এবং মাথায় হাতে ধরার সুবিধার্থে গোলাকার করা থাকে। পিনের অগ্রভাগ সুচালো থাকে যাতে সহজে মাটিতে প্রবেশ করানো যায়। চেইনের হিসাব ঠিক রাখার জন্য বা গণনার জন্য এই পিন ব্যবহার করা হয়।

### ৬। মেটাল স্কেল :



ভূমির নকশা একটি আনুপাতিক পরিমাপে করা হয়ে থাকে। যেমন ১৬"= ১ মাইল, ৩২"= ১ মাইল , ৬৪" = ১ মাইল, ৮০"=১ মাইল ইত্যাদি। সরজমিনের পরিমাপকে পরিবর্তন (সংকোচন) করে একটি নির্দিষ্ট স্কেলে নকশা তৈরি করতে পিতলের তৈরি যে স্কেল ব্যবহার করা হয় তাকে মেটাল স্কেল বলে। মেটাল স্কেল সাধারণত: ১৬" = ১ মাইল স্কেল নির্মিত হয়ে থাকে।

### ৭। অপটিক্যাল স্কয়ার :



এটি একটি পিতলের তৈরি ত্রি-কোণাকৃতি মাঝখানে হাতলযুক্ত যন্ত্র । এর ভিতরে দু'পাশে দুটি আয়না লাগানো থাকে। সিকমি লাইনের উভয় দিকে দু'টি পতাকা পোঁতা থাকে। অফসেট এবং সামনের কিংবা পিছনের পতাকা একলাইনে দেখার জন্য এ আয়নার উপরের দিকে দুটি ফাঁক থাকে। চেইন চালানের সময় ডানে কিংবা বাঁয়ের অফসেটের উপর লগি ধরে এই যন্ত্রটিকে নাক বরাবর ধরে সামনে - পিছনে হেটে যখন এমন একটি বিন্দু পাওয়া যায় যার মধ্য দিয়ে অফসেটের লগি এবং পতাকা একই লাইনে দেখা যায়। এখন এই চেইন লাইন এবং অফসেটের ৯০ ডিগ্রী কোণ করে দূরত্ব লগি দ্বারা পরিমাপ করে অনুপাতিকভাবে নকশায় স্থাপন করে নকশা অংকন করা হয়। এই যন্ত্রটিকে অপটিক্যাল স্কয়ার বলে।

### ৮। গুণিয়া :



Gunia Scale

সিকমি লাইন দ্বারা চেইন চালানোর সময় ডানে কিংবা বামে যে সকল অফসেট (আইলের কোনা, বাক ইত্যাদি) থাকে তা হতে প্রাপ্ত দূরত্ব নকশায় আঁকতে হলে ২ ইঞ্চি লম্বা একটি ছোট স্কেল যাতে ৯০ ডিগ্রী কোণ করে দাগ কাটা থাকে, যা নকশায় বসিয়ে অফসেটের অবস্থান নির্ণয় করে নকশা অংকন করা হয়। এই ছোট স্কেলটিকে গুণিয়া বলা হয়। এটি প্লাস্টিকের তৈরি এবং ১৬" = ১ মাইল স্কেলে এটি তৈরি করা হয়।

### ৯। লগি :



চেইন লাইন হতে অফসেটের দূরত্ব সহজে পরিমাপ করতে যে চিকন বাঁশের তৈরি খুঁটি ব্যবহার করা হয় তাকে 'লগি' বলা হয়। এটি সাধারণত: ২০ লিংক বা ১৩.২ ফুট লম্বা হয়ে থাকে। ৫ লিংক পর পর বিশেষ চিহ্ন করা হয়।

### ১০। ডিভাইডার :



আমরা এই যন্ত্রটির সাথে সকলেই কমবেশি পরিচিত। স্কুল জীবনে জ্যামিতি বক্স সকলেই ব্যবহার করেছি। এর মধ্যে একটি সাধারণ কম্পাস ও একটি পেন্সিল কম্পাস থাকে এবং আরও অন্যান্য স্কেল থাকে। সাধারণ কম্পাসটিই আসলে একটি ডিভাইডার। এটি দ্বারা মেটাল স্কেলে ও গুনিয়ায় চেইনের সংকুচিত দূরত্ব পরিমাপ করে নকশা অংকনের কাজে ব্যবহার করা হয় । আবার দাগের এরিয়া নির্ণয়ের কাজে একরকম ব্যবহার করা হয়।

## ১১। একরকম্ব :



নকশা হতে কোন দাগের ভূমির পরিমাণ নির্ণয়ের জন্য ১৬" = ১ মাইল স্কেলের হিসাবে ১ চেইন দূরত্বে সুতা সেট করা পিতলের তৈরি একটি যন্ত্র । এটিতে মোট ২৫ টি ভাগে সুতা বাধা থাকে । এতে ৩ (তিন) একর পর্যন্ত পরিমাপ করার জন্য স্কেল থাকে। এটি প্রায় ৪" থেকে ৬" পরিমাপের হয়ে থাকে । মধ্যস্থলে ফাকা জায়গায় সুতা দ্বারা ভাগ করা থাকে । দেখতে চিরুনির মত দেখায় বিধায় এ যন্ত্রটিকে একরকম্ব বলা হয়।

## ১২। ফ্লাট রুলার :



সাধারণতঃ গুণিয়ার চেয়ে লম্বা লাইন এক বিন্দু হতে অপর বিন্দু পর্যন্ত সমান্তরাল রেখা অংকনের জন্য কাঠের বা প্লাস্টিকের যে স্কেল ব্যবহার করা হয় তাকে ফ্লাট রুলার বলে । এটি সাধারণতঃ ১২" দীর্ঘ হয়ে থাকে।
১৩। নর্থ কম্পাস : উত্তর ও দক্ষিণ দিক নির্ণয়ের জন্য নর্থ কম্পাস ব্যবহার করা হয় । সাধারণত: যে সকল এলাকায় দিক নির্ণয়ের সমস্যা দেখা দেয় যেমন বিশাল চরভূমি, পাহাড়িয়া এলাকা ইত্যাদি স্থানে আমিনগণ এটি ব্যবহার করে থাকেন।

## ১৩। নর্থ কম্পাস :



উত্তর ও দক্ষিণ দিক নির্ণয়ের জন্য নর্থ কম্পাস ব্যবহার করা হয় । সাধারণত: যে সকল এলাকায় দিক নির্ণয়ের সমস্যা দেখা দেয় যেমন বিশাল চরভূমি, পাহাড়িয়া এলাকা ইত্যাদি স্থানে আমিনগণ এটি ব্যবহার করে থাকেন।

## ১৪। স্প্রিট লেভেল :



নকশা অংকনের সময় যে স্থানে প্লেন টেবিল স্থাপন করা হয় তা অনেক সময় অসমতল থাকে। এক্ষেত্রে ত্রি-পায়া আগে পিছে করে টেবিল সেট করা হয় । টেবিল সমতল ভাবে সেট হয়েছে কিনা তা পরীক্ষার জন্য স্প্রিট লেভেল ব্যবহার করা হয়। এটি একটি সমতল কাঠের বা পিতলের ছোট বাক্সাকার যন্ত্র। এর মধ্যে লম্বা কাচের একটি টিউব থাকে । এর মধ্যে স্প্রিট নামক তরল পদার্থ দেওয়া থাকে এবং একটি বাতাসের বুদবুদ থাকে। মাঝামাঝি দাগ কাটা আছে। যখন টেবিলের উপর এটি রাখা হয় এবং বুদবুদ যদি ঠিক মাঝখানে অবস্থান করে তখন বুঝতে হবে টেবিলটির লেভেল সঠিকভাবে করা হয়েছে।

## ১৫। টিন চুংগা :

শীটের পরিমাপে টিনের তৈরি বিভিন্ন ব্যাসার্ধের চুংগা যার মধ্যে নকশা রাখা হয়। সাধারণত: আমিন সাহেব মাঠে যে চুংগা ব্যবহার করেন তা সিঙ্গেল শীট রাখার চুংগা। আবার যখন একাধিক শীট বহন করার প্রয়োজন হয় তখন বড় ব্যাসার্ধের টিন চুংগা ব্যবহার করা হয়।

## ১৬। সাইটভ্যান :



নকশা প্রস্তুতের প্রয়োজনে মাঠে ট্রাভার্স স্টেশন হিসাবে বাঁশের খুঁটি পোতা থাকে। জরিপ কাজের সময় অজ্ঞতাবশত: গ্রামের মানুষ এই সকল খুঁটি তুলে ফেলে। এই সকল নির্দিষ্ট খুঁটি খুঁজে বের করা, নতুন কোন স্টেশন তৈরি করা ইত্যাদি কাজের জন্য যে যন্ত্রটি ব্যবহার করা হয় তাকে সাইটভ্যান বলে। জরিপ বিভাগের হলকা অফিসার, কারিগরী উপদেষ্টা থেকে উপরের কর্মকর্তাগণ এটি ব্যবহার করে থাকেন। সার্ভেয়ার বা সরদার আমিনদের সাইটভ্যান ব্যবহার করার অনুমতি নেই।

## ১৭। প্যান্টাগ্রাফ :



যে যন্ত্রের সাহায্যে নকশা বিভিন্ন স্কেলে সংকোচন কিংবা প্রসারিত করে প্রস্তুতের জন্য ব্যবহার করা হয় তাকে প্যান্টাগ্রাফ বলা হয় । তবে এই যন্ত্রের সাহায্যে নিখুঁতভাবে নকশা প্রস্তুত করা যায় না । বর্তমানে স্ক্যানার এর সাহায্যে কম্পিউটারে স্কার্প করে ডিজিটাইজ করার মাধ্যমে যে কোন স্কেলে নিখুঁতভাবে নকশা প্যান্টাগ্রাফ করা যায়।

## ১৮। ক্লিনোমিটার :



সাধারণত: পাহাড়িয়া এলাকায় পাহাড় পর্বতের উচ্চতা পরিমাপ করার জন্য যে যন্ত্র ব্যবহার করা হয় তাকে ক্লিনোমিটার বলা হয়।

## ১৯। ডিস্টোমেট:

নদী এবং পাহাড় পর্বতের অবস্থান থেকে অন্য স্থানের দূরত্ব চেইন দ্বারা নির্ভুলভাবে পরিমাপ করা যায় না। এ সকল স্থানে যে যন্ত্রের সাহায্যে বিনা চেইনে একস্থান হতে অন্য স্থানের দূরত্ব পরিমাপ করা হয় তাকে ডিস্টোমেট বলা হয়। এই যন্ত্র দ্বারা কৌণিক ও রৈখিক দূরত্ব পরিমাপ করা যায়। বর্তমানে টোটাল স্টেশন দ্বারা এরূপ সকল কার্য সমাধান করা যায়।


## আধুনিক জরিপ যন্ত্রপাতি:

### ১। জিপিএস/জিএনএসএস মেশিন :



বর্তমানে সারা পৃথিবীতে একক জিওডেটিক সিস্টেম প্রবর্তন করা হয়েছে। এর আগে পৃথিবীর বিভিন্ন দেশ নিজস্ব ভৌগলিক এলাকার ভিত্তিতে জিওডেটিক সিস্টেম অনুসারে স্থানাংক নির্ধারণ করতো। একে লোকাল কো অর্ডিনেটর সিস্টেম বলা হয়। কিন্তু একক জিওডেটিক সিস্টেমে কাজ করতে গিয়ে একটি যন্ত্র ব্যবহার করা হয়। যার মাধ্যমে ৬টি অরবিটে পৃথিবীকে বেষ্টন করে ঘূর্ণায়মান ২৪টি স্যাটেলাইট বা কৃত্রিম উপগ্রহ তাতে ডাটা কালেকশন করে ঐ বিন্দুর অবস্থান নির্ণয় করা হয়। এই যন্ত্রটিকে জিপিএস/জিএনএসএস মেশিন বলা হয়। জিপিএস অর্থ গোবাল পজিশনিং সিস্টেম।

### ২। ইলেকট্রনিক টোটাল স্টেশন :




টোটাল স্টেশন এক ধরণের থিওডোলাইট যন্ত্র। পূর্বের থিওডোলাইট দ্বারা কোন বিন্দুর কৌণিক দূরত্ব ও তারা পর্যবেক্ষণ করা হোত এবং চেইনের দ্বারা নির্ণীত দূরত্ব কম্পুটেশন করে কোন বিন্দুর স্থানাংক নির্ণয় করা হত। কিন্তু এই যন্ত্রটি দ্বারা ট্রাভার্স জরিপ করা হলে আলাদাভাবে কোন কম্পুটেশন করার প্রয়োজন হয় না। এটি নিজেই তা নির্ণয় করে দেয় । একই ভাবে এটি দ্বারা ক্যাডাস্ট্রাল জরিপের জন্য ডাটা কালেকশনও করা যায়। বর্তমানে বিভিন্ন ব্রান্ডের ও মডেলের ইলেকট্রনিক টোটাল স্টেশন পাওয়া যায়।

### ৩। ডাটা রেকর্ডার:



এটি টোটাল স্টেশন দ্বারা সংগৃহীত সার্ভে ডাটা রেকর্ড বা সংরক্ষণ করে। পরে এটি হতে কম্পিউটারে ডাটা ট্রান্সফার করে নেওয়া হয় । তবে বর্তমানে আরও উন্নত টোটাল স্টেশন যন্ত্র তৈরি করা হয়েছে যাতে আলাদাভাবে সার্ভে ডাটা রেকর্ডারের প্রয়োজন হয় না।

### ৪। ওয়ার্ক স্টেশন (কম্পিউটার) :



বিশেষ ধরনের কম্পিউটার যার মাধ্যমে সংগৃহীত ডাটা নির্দিষ্ট সফটওয়্যারের মাধ্যমে প্রসেস করে নকশার আকার দেওয়া হয়।

### ৫। প্লটারঃ



নক্সা প্রিন্ট করার জন্য যে যন্ত্রটি ব্যবহার করা হয় তাকে প্লটার বলা হয়। আসলে এটি একটি বড় সাইজের প্রিন্টার। যার সাহায্যে ম্যাপ কিংবা তার চেয়েও বড় আকারের প্রিন্ট করা সম্ভব।

## মূল্যায়ণ পদ্ধতি :

প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণের মান ও কার্যাবলী মূল্যায়ণের ব্যবস্থা রাখা হয়েছে। যৌথ ক্যাম্পের তত্ত্বীয় ও মাঠ পর্যায়ের প্রশিক্ষণ শেষে বস্তুনিষ্ঠ লিখিত পরীক্ষার মাধ্যমে প্রশিক্ষণার্থীগণকে মূল্যায়ন করা হবে। অংশগ্রহণকারী সকল কর্মকর্তার প্রশিক্ষণ কোর্সের মূল্যায়ণ প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট বিভাগে পাঠানো হয়ে থাকে।

নিম্নবর্ণিত বিষয়ের উপর পরীক্ষা গ্রহণের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন করা হবে :

| | |
|---|---|
| (ক) লিখিত পরীক্ষা | ৫০ নম্বর |
| (খ) ব্যবহারিক পরীক্ষা | ২৫ নম্বর |
| (গ) মৌখিক পরীক্ষা | ১০ নম্বর |
| (ঘ) কোর্স পরিচালক ও কোর্স সমন্বয়কের মূল্যায়ণ | ১০ নম্বর |
| (ঙ) নিয়মিত উপস্থিতি ও কারিগরী উপদেষ্টা (আবাসিক) কর্তৃক মূল্যায়ণ | ০৫ নম্বর |
| **মোট** | **১০০ নম্বর** |

### যৌথ প্রশিক্ষণ ক্যাম্পের অবস্থান :

ঢাকা থেকে প্রায় ২০ কিলোমিটার দূরে ঢাকা জেলাধীন সাভার উপজেলার 'বিপিএটিসি'র নিকটবর্তী "সিএন্ডবি বাসস্ট্যান্ড এর সন্নিকটে অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট (ওটিআই) মসজিদ সংলগ্ন মাঠে" এক মনোরম পরিবেশে ২০১৯-২০ সালের বিসিএস ক্যাডারভুক্ত (প্রশাসন, পুলিশ, বন ও রেলওয়ে) এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কর্মকর্তাগণের সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণের যৌথ ক্যাম্প স্থাপন করা হয়েছে।

### যোগাযোগ ব্যবস্থা :

ঢাকা আরিচা মহাসড়কে 'বিপিএটিসি'র উত্তর দিকে এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দক্ষিণ দিকে "সিএন্ডবি বাসস্ট্যান্ড এর সন্নিকটে অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট (ওটিআই) মসজিদ সংলগ্ন মাঠে" স্থাপিত এ প্রশিক্ষণ ক্যাম্পে বাস-ই যাতায়াতের উত্তম মাধ্যম। দেশের বিভিন্ন কর্ম এলাকা থেকে আগত কর্মকর্তাগণকে বাসযোগে এসে সাভারস্থ 'সিএন্ডবি বাসস্ট্যান্ড'-এ নামতে হবে। সেখান থেকে পায়ে হেঁটেই প্রশিক্ষণ ক্যাম্পে যাওয়া যাবে।

## থাকার ব্যবস্থা :

প্রশিক্ষণার্থীগণের থাকার জন্য তাঁবুর ব্যবস্থা করা হয়েছে। তাঁবুতে ০২টি করে ক্যাম্প খাটের ব্যবস্থা আছে। তবে কোন বিছানা/বেডিং সরবরাহ করা হবে না। মহিলা প্রশিক্ষণার্থীগণের থাকার আলাদাভাবে বাউন্ডারীকৃত জায়গায় তাঁবুর ব্যবস্থা করা হয়েছে। কোন প্রশিক্ষণার্থীর পরিবারের সদস্য বা অতিথিদের জন্য কোন বাসস্থানের ব্যবস্থা নেই।

## খাওয়ার ব্যবস্থা :

রান্না ও খাওয়ার ব্যবস্থা প্রশিক্ষণার্থীগণ নিজেরাই করবেন। রান্নাঘরের ব্যবস্থা থাকবে এবং অফিসারগণ ইচ্ছা করলে নিজ উদ্যোগ/সম্মিলিতভাবে খাওয়ার ব্যবস্থা করতে পারবেন। সম্মিলিতভাবে খাওয়ার ক্ষেত্রে হাড়ি-পাতিল ও চুলা ক্যাম্প থেকে সরবরাহ করা হবে। তবে, নিজ উদ্যোগে রান্নার ক্ষেত্রে হাড়ি-পাতিল ও চুলা সংগে নিয়ে আসতে হবে। প্রত্যেক অফিসার একজন আর্দালি/পিয়ন সাথে করে নিয়ে আসতে পারবেন। রান্না করতে জানে এমন লোক সাথে আনা ভাল। প্রশিক্ষণার্থীগণ নিজ নিজ অফিস থেকে এ আর্দালি/পিয়নের বেতন-ভাতাদি পরিশোধ করতে পারবেন। যোগদানকৃত প্রশিক্ষণার্থীদের মধ্যে থেকে একটি মেস কমিটি গঠন করা হবে। উক্ত মেস কমিটি বাজার করা এবং রান্না-বান্নার প্রয়োজনীয় ব্যবস্থা করবে তবে কোর্সের পক্ষ থেকে রান্নার তৈজসপত্র সরবরাহের এবং রাধুনী পাওয়ার সহায়তা করা হবে।

## বাজার :

সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ ক্যাম্প থেকে মাত্র ১.৫ কিলোমিটার দক্ষিণে সাভার বাস স্টেশনে একটি এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আরেকটি বাজার রয়েছে। প্রশিক্ষণার্থীগণ ঐ বাজার থেকে তাঁদের প্রয়োজনীয় পণ্যসামগ্রী ও দৈনন্দিন কেনাকাটা করতে পারবেন।

## বইপত্র :

লিখিত পরীক্ষা এবং প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণ সম্পর্কে স্পষ্ট ধারণা লাভের জন্য এবং কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত পরীক্ষায় অংশগ্রহণের সুবিধার্থে প্রশিক্ষণার্থীগণ নিম্নবর্ণিত আইন, বিধি ও ম্যানুয়াল কোর্স অফিস হতে সংগ্রহ করতে পারেন : (১) রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাসত্ব আইন- ১৯৫০, (২) প্রজাসত্ব বিধিমালা ১৯৫৫, (৩) দি টেকনিক্যাল রুলস অব সেটেলমেন্ট ডিপার্টমেন্ট-১৯৫৭, (৪) সার্ভে এন্ড সেটেলমেন্ট ম্যানুয়াল- ১৯৩৫, (৫) সার্ভে এ্যাক্ট- ১৮৭৫ (০৬) উত্তরাধিকার আইন (হিন্দু, মুসলিম, বৌদ্ধ ও খ্রীস্টিয়) ইত্যাদি।

## নিত্য ব্যবহারযোগ্য দ্রব্যাদির তালিকা :

| | | |
|---|---|---|
| (ক) টর্চ লাইট | (খ) মশারী | (গ) বিছানা/ বালিশ |
| (ঘ) শীতকালীন গরম কাপড়/ লেপ/ কম্বল/ তোষক | (ঙ) হ্যাট/ ক্যাপ | (চ) মজবুত কেডস |
| (ছ) মাঠে ব্যবহার উপযোগী শার্ট, প্যান্ট | | (মহিলাদের ক্ষেত্রে সালোয়ার, কামিজ) |

## পোষাক :

মাঠে কাজ করার উপযোগী শীতকালীন গরম কাপড় শার্ট, প্যান্ট (মহিলাদের ক্ষেত্রে সালোয়ার কামিজ) ইত্যাদি সংগে আনতে হবে।

## স্বাস্থ্য :

ক্যাম্পে যোগদানের পূর্বে টিকা, ইনজেকশন নেয়া উচিত। তবে টিকা ও ইনজেকশন নেয়ার ব্যবস্থা ক্যাম্পেও থাকবে। ক্যাম্পে একজন খন্ডকালীন ডাক্তার নিয়োগের ব্যবস্থা করা হয়েছে।

## ছুটি সংক্রান্ত :

যৌথ ক্যাম্প চলাকালে সাপ্তাহিক ছুটি হিসেবে শুধুমাত্র শুক্রবার ও শনিবার এবং অন্যান্য সরকারী ছুটি ভোগ করা যাবে। তবে সেক্ষেত্রে কোর্স পরিচালক/সমন্বয়কারীর অনুমতি গ্রহণপূর্বক ক্যাম্পে রক্ষিত রেজিস্টারে নাম লিপিবদ্ধ করে ক্যাম্প ত্যাগ করতে হবে। উল্লেখ্য, এটি একটি সম্পূর্ন আবাসিক ও সার্বক্ষনিক প্রশিক্ষণ।

## বিনোদন :

ক্যাম্পে ভলিবল, ক্যারাম, দাবা ও ব্যাডমিন্টন খেলার ব্যবস্থা থাকবে। ব্যাডমিন্টন খেলার র‌্যাকেট ও কর্ক প্রশিক্ষণার্থীগণকে নিজ উদ্যোগে সংগ্রহ করতে হবে। তাঁরা ইচ্ছা করলে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে বিনোদনমূলক অনুষ্ঠানের আয়োজন করতে পারবেন।

যোগদানকৃত প্রশিক্ষণার্থীদের মধ্যে থেকে একটি ক্রীড়া কমিটি গঠন করা হবে। উক্ত কমিটি ভলিবল, ব্যাডমিন্টন ও ক্যারাম ইত্যাদি খেলাধুলার আয়োজন করবে।

যোগদানকৃত প্রশিক্ষণার্থীদের মধ্যে থেকে একটি সাংস্কৃতিক কমিটি গঠন করা হবে। উক্ত কমিটি কোর্স সমন্বয়কারীর অনুমতি নিয়ে মাঝে মাঝে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবে।

# যোগাযোগের ঠিকানা

### কোর্স পরিচালক
জনাব এ.বি.এম ফজলুর রহমান
(যুগ্ম-সচিব)
পরিচালক (ভূমি রেকর্ড)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ফোন- ৮১ ৭০ ৪৮১ (অফিস)

### কোর্স সমন্বয়ক
জনাব মোঃ মোমিনুর রশীদ
(উপ-সচিব)
জোনাল সেটেলমেন্ট অফিসার, ঢাকা
ফোন : ৯১ ৩১ ৫৭৩ (অফিস)
মোবাইল নং-০১৭৪০-৯৮ ৩৫ ৯১

### কারিগরী উপদেষ্টা
জনাব মোঃ মতিয়ার রহমান
সহকারী সেটেলমেন্ট অফিসার
জোনাল সেটেলমেন্ট অফিস
যশোর
মোবাইল : ০১৯২০-০৬ ৪৬ ১৮

### অফিস সহকারী
মোঃ আবু তাহের
(পেশকার)
জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা
মোবাইল : ০১৭১ ৭৭ ৩৮ ৬৭৮

### নাজির
মীর রবিউল আলম
কম্পোজিটর
সেটেলমেন্টে প্রেস, তেজগাঁও, ঢাকা
মোবাইল : ০১৭১৫-৭৭ ১৫ ৬৮

### সহকারী নাজির
মোহাম্মদ ফজলুল হক
যাঁচ মোহরার
জোনাল সেটেলমেন্টে অফিস, ঢাকা
মোবাইল : ০১৮৫৯-৮১ ৫৩ ১৩

পরিশিষ্ট- 'ক'

## ১১৯তম সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ কোর্সের প্রতিদিনের কর্মসূচী

| তারিখ ও বার | রেজিস্ট্রেশন (সকাল ৮ঃ০০ - রাত ৮ঃ০০ টা পর্যন্ত) | | | |
|---|---|---|---|---|
| ১৬/১১/২০১৯<br>শনিবার | সকাল ১০:০০-১১:০০ | সকাল ১১.০০-দুপুর ১২.০০ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয়<br>বিকাল ৩.০০-৫.০০ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয়<br>সন্ধ্যা ৬.০০-৮.০০ |
| ১৭/১১/২০১৯<br>রবিবার | ব্রিফিং | উদ্বোধনী অনুষ্ঠান | জরিপের প্রয়োজনীয়তা, সনাতন ও ডিজিটাল জরিপে ব্যবহৃত যন্ত্রপাতি ও সিএস, এসএ, আরএস খতিয়ান পরিচিতি<br>**(এ.বি.এম ফজলুর রহমান)** | জরিপের প্রয়োজনীয়তা, সনাতন ও ডিজিটাল জরিপে ব্যবহৃত যন্ত্রপাতির পরিচয়<br>**(এ.বি.এম ফজলুর রহমান)** |
| তারিখ ও বার | মাঠ প্রশিক্ষণের বিষয়<br>সকাল ৮:০০ -১২:০০ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয়<br>বিকাল ২:৩০-৩:৩০মিঃ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয়<br>বিকাল ৩:৪৫-৪:৪৫মিঃ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয়<br>সন্ধ্যা ৬:৩০-৮:৩০মিঃ |
| ১৮/১১/২০১৯<br>সোমবার | দল গঠন, সার্ভে যন্ত্রপাতি বিতরণ ও যন্ত্রপাতির সঠিকতা যাচাইকরণ | এস.এ এন্ড টি.এ্যাক্ট ১৯৫০-১৯৫৫<br>**(আলীম আখতার খান)** | প্রজাস্বত্ব বিধিমালা-১৯৫৫ (২৬-৪৪ বিধি)<br>**(আলীম আখতার খান)** | মুক্ত আলোচনা<br>**মহাপরিচালক** |
| ১৯/১১/২০১৯<br>মঙ্গলবার | ট্রাভার্স স্টেশন খুঁজে বের করা, ঘেরমাপ নির্ণয়, মোরব্বা প্রস্তুত ও সিকিমি লাইন নির্ধারণ | ট্রাভার্সকরণ পদ্ধতি<br>**(মোঃ আব্দুল বারী ভূইয়া)** | ডিজিটাল জরিপের জন্য GPS, GNSS এর ব্যবহার পদ্ধতি, GPS পিলারের স্থানাংক নির্ণয় ও পিলার স্থাপন পদ্ধতি এবং পিলারের মান নির্ণয়।<br>**(মোঃ আব্দুল বারী ভূইয়া)** | ডিজিটাল জরিপের ধারণা ও পদ্ধতি<br>**(মোঃ মোমিনুর রশীদ)** |
| ২০/১১/২০১৯<br>বুধবার | কিস্তোয়ার | নতুন ও পুনরাতন মৌজা গঠন, একত্রিকরণ, বিভক্তিকরণ, মৌজার নামকরণ ও জে,এল নম্বর প্রদান। মৌজা গঠন ও পুনঃগঠন সংক্রান্ত মিস কেস সৃজন ও অনুমোদন।<br>(সংশ্লিষ্ট আইন, বিধি ও পদ্ধতি)<br>**(এ.বি.এম ফজলুর রহমান)** | নতুন ও পুনরাতন মৌজা গঠন, একত্রিকরণ, বিভক্তিকরণ, মৌজার নামকরণ ও জে,এল নম্বর প্রদান। মৌজা গঠন ও পুনঃগঠন সংক্রান্ত মিস কেস সৃজন ও অনুমোদন। (সংশ্লিষ্ট আইন, বিধি ও পদ্ধতি)<br>**(এ.বি.এম ফজলুর রহমান)** | নতুন ও পুনরাতন মৌজা গঠন, একত্রিকরণ, বিভক্তিকরণ, মৌজার নামকরণ ও জে,এল নম্বর প্রদান। মৌজা গঠন ও পুনঃগঠন সংক্রান্ত মিস কেস সৃজন ও অনুমোদন।<br>(সংশ্লিষ্ট আইন, বিধি ও পদ্ধতি)<br>**(এ.বি.এম ফজলুর রহমান)** |
| ২১/১১/২০১৯<br>বৃহস্পতিবার | কিস্তোয়ার | নদী-নালা, রাস্তার নকশা অংকন, অপদখলিয় ভূমির রাস্তা, খালের নকশা অংকন (টেকনিক্যাল রুলস ও এসএস ম্যানুয়েলের সংশ্লিষ্ট বিধিসমূহ)<br>**(মোঃ আনিছুজ্জামান)** | রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব নদী-নালা, রাস্তার নকশা অংকন, অপদখলিয় ভূমি রাস্তা, খালের নকশা অংকন (টেকনিক্যাল রুলস ও এসএস ম্যানুয়েলের সংশ্লিষ্ট বিধিসমূহ) আইন-১৯৫০<br>**(মোঃ আনিছুজ্জামান)** | ফৌজদারী মামলার তদন্তে সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণের প্রয়োজনিয়তা<br>**(ব্যারিস্টার এম. জিল্লুর রহমান)** |

| তারিখ ও বার | মাঠ প্রশিক্ষণের বিষয় সকাল ৮:০০-১২:০০ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয় বিকাল ২:৩০-৩:৩০মিঃ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয় বিকাল ৩:৪৫-৪:৪৫মিঃ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয় সন্ধ্যা ৬:৩০-৮:৩০মিঃ |
|---|---|---|---|---|
| ২২/১১/২০১৯ শুক্রবার | সাপ্তাহিক বন্ধ | | | |
| ২৩/১১/২০১৯ শনিবার | | | | |
| ২৪/১১/২০১৯ রবিবার | কিস্তোয়ার | তসদিক, ডিপি, আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি **(আবি আবদুল্লাহ)** | তসদিক, ডিপি, আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি **(আবি আবদুল্লাহ)** | ভূমি অধিগ্রহণ (আইন ও বিধি) **(মোঃ সিরাজ উদ্দিন আহমেদ) অতিঃ সচিব, ভূমি মন্ত্রণালয়** |
| ২৫/১১/২০১৯ সোমবার | কিস্তোয়ার | সনাতন পদ্ধতিতে কিস্তোয়ার, মৌজ মিল, টিপি স্থাপন, বিডি কেইস দায়ের ও নিষ্পত্তির পদ্ধতি (আইন, বিধি ও পদ্ধতি) **(এ.বি.এম ফজলুর রহমান)** | সনাতন পদ্ধতিতে কিস্তোয়ার, মৌজ মিল, টিপি স্থাপন, বিডি কেইস দায়ের ও নিষ্পত্তির পদ্ধতি (আইন, বিধি ও পদ্ধতি) **(এ.বি.এম ফজলুর রহমান)** | ডিজিটাল ও সনাতন পদ্ধতিতে নকশা প্রস্তুতসহ মৌলিক বিষয়াবলী (বিধি ও আইন) **(এ.বি.এম ফজলুর রহমান)** |
| ২৬/১১/২০১৯ মঙ্গলবার | কিস্তোয়ার | আপীল গ্রহণ ও নিষ্পত্তি, চূড়ান্ত যাঁচ (নকশা ও খতিয়ান) মিসটেক লিখন ও অনুমোদন পদ্ধতি **(মতিন-উল হক)** | আপীল গ্রহণ ও নিষ্পত্তি, চূড়ান্ত যাঁচ (নকশা ও খতিয়ান) মিসটেক লিখন ও অনুমোদন পদ্ধতি **(মতিন-উল হক)** | বিচার বিভাগ, সেটেলমেন্ট ম্যানেজমেন্ট ও রেজিস্ট্রেশন বিভাগের পারস্পরিক সম্পর্ক দায়িত্বাবলী **(জেলা ও দায়রা জজ, ঢাকা)** |
| ২৭/১১/২০১৯ বুধবার | কিস্তোয়ার | The Technical Rules & Instructions of the Settlement Department-1957) **(অমৃত বাড়ৈ)** | The Technical Rules & Instructions of the Settlement Department-1957) **(অমৃত বাড়ৈ)** | The Technical Rules & Instructions of the Settlement Department-1957) **(অমৃত বাড়ৈ)** |
| ২৮/১১/২০১৯ বৃহস্পতিবার | কিস্তোয়ার | এসএস ম্যানুয়েল-১৯৩৫ এর গুরুত্বপূর্ণ অনুচ্ছেদসমূহ **(এ.বি.এম ফজলুর রহমান)** | এসএস ম্যানুয়েল-১৯৩৫ এর গুরুত্বপূর্ণ অনুচ্ছেদসমূহ **(এ.বি.এম ফজলুর রহমান)** | এসএস ম্যানুয়েল-১৯৩৫ এর গুরুত্বপূর্ণ অনুচ্ছেদসমূহ **(এ.বি.এম ফজলুর রহমান)** |
| ২৯/১১/২০১৯ শুক্রবার | সাপ্তাহিক বন্ধ | | | |
| ৩০/১১/২০১৯ শনিবার | | | | |

| তারিখ ও বার | মাঠ প্রশিক্ষণের বিষয়<br>সকাল ৮:০০ -১২:০০ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয়<br>বিকাল ২:৩০-৩:৩০মিঃ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয়<br>বিকাল ৩:৪৫-৪:৪৫মিঃ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয়<br>সন্ধ্যা ৬:৩০-৮:৩০মিঃ |
|---|---|---|---|---|
| **০১/১২/২০১৯<br>রবিবার** | কিস্তোয়ার | দি সার্ভে এ্যাক্ট-১৮৭৫<br>**(ফায়েকুজ্জামান চৌধুরী)** | বন আইন ও বিধি, খাস, রেলওয়ে<br>ও বনভূমির রেকর্ডকরণ পদ্ধতি<br>**(ফায়েকুজ্জামান চৌধুরী)** | বন আইন ও বিধি, খাস, রেলওয়ে ও বনভূমির<br>রেকর্ডকরণ পদ্ধতি<br>**(ফায়েকুজ্জামান চৌধুরী)** |
| **০২/১২/২০১৯<br>সোমবার** | কিস্তোয়ার | অধিদপ্তর ও ZSO অফিসের জনবল<br>কাঠামো/অর্গানোগ্রাম এবং ZSO ও ASOগণের<br>দায়িত্ব ও কর্তব্য<br>**(আলীম আখতার খান)** | অধিদপ্তর ও ZSO অফিসের জনবল<br>কাঠামো/অর্গানোগ্রাম এবং ZSO ও ASOগণের<br>দায়িত্ব ও কর্তব্য<br>**(আলীম আখতার খান)** | উত্তরাধিকার আইন<br>(মুসলিম, হিন্দু, খ্রিস্টান ও বৌদ্ধ)<br>(আনিস মাহমুদ)<br>**অতিঃ সচিব (আইন), ভূমি মন্ত্রণালয়** |
| **০৩/১২/২০১৯<br>মঙ্গলবার** | কিস্তোয়ার | ব্লু-প্রিন্ট সীটে খানাপুরী-কাম-বুঝারত<br>(সংশ্লিষ্ট আইন, বিধি ও পদ্ধতি)<br>**(এ.বি.এম ফজলুর রহমান)** | পি-৭০ সীটে খানাপুরী ও বুঝারত<br>(সংশ্লিষ্ট আইন, বিধি ও পদ্ধতি)<br>**(এ.বি.এম ফজলুর রহমান)** | পি-৭০ সীটে খানাপুরী ও বুঝারত<br>(সংশ্লিষ্ট আইন, বিধি ও পদ্ধতি)<br>**(এ.বি.এম ফজলুর রহমান)** |
| **০৪/১২/২০১৯<br>বুধবার** | ডিজিটাল জরিপের<br>যন্ত্রপাতি পর্যবেক্ষণ ও<br>পরিচয় | ডিজিটাল জরিপের ডাটা প্রসেসিং ও ডিজিটাল ডাটা<br>থেকে প্লটারের মাধ্যমে নকশা প্রস্তুত<br>**(মোঃ মহিদুল ইসলাম)** | ডিজিটাল জরিপের ডাটা প্রসেসিং ও ডিজিটাল ডাটা<br>থেকে প্লটারের মাধ্যমে নকশা প্রস্তুত<br>**(মোঃ মহিদুল ইসলাম)** | ১। বন আইন- ১৯২৭<br>২। প্রাইভেট ফরেস্ট অর্ডিন্যান্স- ১৯৫৯<br>৩। আতিয়া ফরেস্ট এ্যাক্ট এবং<br>৪। বন সংক্রান্ত অন্যান্য আইন ও বিধি<br>**(প্রধান বন সংরক্ষক)** |
| **০৫/১২/২০১৯<br>বৃহস্পতিবার** | ডাটা সংগ্রহ | জমির অংশ নির্ধারণে সনাতন ও<br>আধুনিক পদ্ধতি<br>**(মোঃ মতিয়ার রহমান)** | জমির অংশ নির্ধারণে সনাতন ও<br>আধুনিক পদ্ধতি<br>**(মোঃ মতিয়ার রহমান)** | অর্পিত সম্পত্তি সংক্রান্ত সর্বশেষ<br>আইনও বিধি<br>**যুগ্ম সচিব (জরিপ)** |
| **০৬/১২/২০১৯<br>শুক্রবার** | **সাপ্তাহিক বন্ধ** | | | |
| **০৭/১২/২০১৯<br>শনিবার** | | | | |
| **০৮/১২/২০১৯<br>রবিবার** | ডাটা সংগ্রহ | ল্যান্ড সার্ভে ও ল্যান্ড সার্ভে আপীলেট<br>ট্রাইব্যুনালের গঠন ও এখতিয়ার এবং মামলা<br>দায়ের ও নিষ্পত্তি পদ্ধতি<br>**(মোঃ আফজালুর রহমান)** | জরিপ চলাকালীন রীট পিটিশনের কারণ ও<br>পরবর্তী করণীয় এবং রাজস্ব মামলাসমূহ<br>সম্পর্কে ধারণা<br>**(মোঃ আফজালুর রহমান)** | মুক্ত আলোচনা<br>**(মহাপরিচালক)** |
| **০৯/১২/২০১৯<br>সোমবার** | ডাটা সংগ্রহ | প্রজাস্বত্ব বিধিমালা-১৯৫৫ এর ৪২, ৪২এ,<br>৪২বি বিধি এবং এর পদ্ধতি<br>**(এ,বি,এম ফজলুর রহমান)** | প্রজাস্বত্ব বিধিমালা-১৯৫৫ এর ৪২, ৪২এ, ৪২বি<br>বিধি এবং এর পদ্ধতি<br>**(এ,বি,এম ফজলুর রহমান)** | মুক্ত আলোচনা<br>**(সচিব)** |

| তারিখ ও বার | মাঠ প্রশিক্ষণের বিষয় সকাল ৮:০০ -১২:০০ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয় বিকাল ২:৩০-৩:৩০মিঃ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয় বিকাল ৩:৪৫-৪:৪৫মিঃ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয় সন্ধ্যা ৬:৩০-৮:৩০মিঃ |
|---|---|---|---|---|
| **১০/১২/২০১৯ মঙ্গলবার** | খানাপুরী ও পরতাল | অন লাইনে ল্যান্ড সার্ভে সফ্টওয়ার এর উপর আলোচনা **(মোঃ মোমিনুর রশীদ)** | অন লাইনে ল্যান্ড সার্ভে সফ্টওয়ার এর উপর আলোচনা **(মোঃ মোমিনুর রশীদ)** | মুক্ত আলোচনা **(মোবারক স্যার)** |
| **১১/১২/২০১৯ বুধবার** | নকশায় কালিকরণ | এসএস ম্যানুয়েলের ৫৩৩, ৫৩৪ ও ৫৩৭ অনুচ্ছেদ মোতাবেক রেকর্ড ও নকশার সংশোধন পদ্ধতি **(এ.বি.এম ফজলুর রহমান)** | এসএস ম্যানুয়েলের ৫৩৩, ৫৩৪ ও ৫৩৭ অনুচ্ছেদ মোতাবেক রেকর্ড ও নকশার সংশোধন পদ্ধতি **(এ.বি.এম ফজলুর রহমান)** | এসএস ম্যানুয়েলের ৫৩৩, ৫৩৪ ও ৫৩৭ অনুচ্ছেদ মোতাবেক রেকর্ড ও নকশার সংশোধন পদ্ধতি **(এ.বি.এম ফজলুর রহমান)** |
| **১২/১২/২০১৯ বৃহস্পতিবার** | নকশায় কালিকরণ | সিকস্তি-পয়স্তিঃ সংক্রান্ত এসএ এন্ড টিএ্যাক্ট-১৯৫০ এর ৮৬ ও ৮৭ ধারা এবং দি বেঙ্গল এ/ডি এ্যাক্ট-১৯২০ ও ১৯২৫ এর সংশ্লিষ্ট ধারা আলোচনা **(এ.বি.এম ফজলুর রহমান)** | সিকস্তি-পয়স্তিঃ সংক্রান্ত এসএ এন্ড টিএ্যাক্ট-১৯৫০ এর ৮৬ ও ৮৭ ধারা এবং দি বেঙ্গল এ/ডি এ্যাক্ট-১৯২০ ও ১৯২৫ এর সংশ্লিষ্ট ধারা আলোচনা **(এ.বি.এম ফজলুর রহমান)** | এ/ডি লাইন অংকন, মিস কেস রুজু ও তামিল পদ্ধতি (দি বেঙ্গল এ/ডি এ্যাক্ট-১৯২০ ও ১৯২৫ এর সংশ্লিষ্ট ধারা আলোচনা) (মহঃ মনিরুজ্জামান) |
| **১৩/১২/২০১৯ শুক্রবার** | **সাপ্তাহিক বন্ধ** | | | |
| **১৪/১২/২০১৯ শনিবার** | | | | |
| **১৫/১২/২০১৯ রবিবার** | দাগের এরিয়া নির্ণয় | জরিপ চলাকালীন বিভিন্ন সরকারী বিভাগ/দপ্তরের দায়িত্ব ও কর্তব্য এবং ভূমি মালিকদের দায়িত্ব ও কর্তব্য এবং শুদ্ধ রেকর্ড প্রণয়নে জরিপ বিভাগের কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য (মহাপরিচালক) | জরিপ চলাকালীন বিভিন্ন সরকারী বিভাগ/দপ্তরের দায়িত্ব ও কর্তব্য এবং ভূমি মালিকদের দায়িত্ব ও কর্তব্য এবং শুদ্ধ রেকর্ড প্রণয়নে জরিপ বিভাগের কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য (মহাপরিচালক) | জরিপ পরবর্তী করণীয়<br>(ক) রেকর্ড গ্রহণ ও হস্তান্তর<br>(খ) জরিপ পরবর্তী রেকর্ড ও নক্স হালকরণ, নক্সর ভুল সংশোধন<br>(মহাপরিচালক) |
| **১৬/১২/২০১৯ সোমবার** | **বিজয় দিবস** | | | |
| **১৭/১২/২০১৯ মঙ্গলবার** | দাগের এরিয়া নির্ণয় | নকশার স্কেল নির্ধারনের গুরুত্ব ও পদ্ধতি (সংশ্লিষ্ট বিধিসহ) **(এ.বি.এম ফজলুর রহমান)** | ব্লু প্রিন্ট শীটে নকশা করন ও পি-৭০ শীটে নকশা প্রস্তুতের কারন ও পদ্ধতি (সংশ্লিষ্ট বিধিসহ) **(এ.বি.এম ফজলুর রহমান)** | ডিজিটাল পদ্ধতিতেতে নকশা ও রেকর্ড করার উপকারীতা ও পদ্ধতি **(এ.বি.এম ফজলুর রহমান)** |

| তারিখ ও বার | মাঠ প্রশিক্ষণের বিষয়<br>সকাল ৮:০০ -১২:০০ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয়<br>বিকাল ২:৩০-৩:৩০মিঃ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয়<br>বিকাল ৩:৪৫-৪:৪৫মিঃ | শ্রেণী কক্ষে আলোচনার বিষয়<br>সন্ধ্যা ৬:৩০-৮:৩০মিঃ |
|---|---|---|---|---|
| **১৮/১২/২০১৯<br>বুধবার** | বুঝারত<br>ও<br>সার্ভে যন্ত্রপাতি ফেরত | ১। বিভক্ত ক্যাম্পে তথ্য সংগ্রহ ও পর্যবেক্ষণ এবং রিপোর্ট প্রদান পদ্ধতি সম্পর্কে আলোচনা<br>২। রিভিউ<br>**(কোর্স সমন্বয়ক ও পরিচালক)** | ১। বিভক্ত ক্যাম্পে তথ্য সংগ্রহ ও পর্যবেক্ষণ এবং রিপোর্ট প্রদান পদ্ধতি সম্পর্কে আলোচনা<br>২। রিভিউ<br>**(কোর্স সমন্বয়ক ও পরিচালক)** | আন্তঃজেলা ও আন্তর্জাতিক<br>সীমানা নির্ধারণ<br>**(মোঃ শাহজাহান)** |
| **১৯/১২/২০১৯<br>বৃহস্পতিবার** | **লিখিত পরীক্ষা** | | | |
| **২০/১২/২০১৯<br>হতে<br>২৮/১২/২০১৯** | **বিভিন্ন সেটেলমেন্টে তসদিক, আপত্তি, আপীলসহ বিভিন্ন ধাপ পর্যবেক্ষণ এবং পরিদর্শন সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ** | | | |
| **২৯/১২/২০১৯<br>রবিবার** | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরে যোগদান<br>**(সকাল-৯:৩০মিঃ)** | অধিদপ্তরের বিভিন্ন শাখা ও<br>প্রেস পরিদর্শন<br>**(৯:৩০-১১:০০মিঃ)** | গ্রুপ ভিত্তিক প্রতিবেদন<br>উপস্থাপন ও প্রতিবেদন জমা<br>**(১১:০০-১:৩০মিঃ)** | সনদপত্র বিতরণ ও<br>সমাপনী অনুষ্ঠান<br>**(বিকেল-৩:০০)** |

পরিশিষ্ট- 'খ'

# প্রশিক্ষণার্থীগনের নামের তালিকা

| ক্রম | পরিচিতি নং | নাম | পদবী | কর্মস্থল | |
|---|---|---|---|---|---|
| ০১ | ১৬১৪১ | জনাব মুঃ আসাদুজ্জামান | অতিঃ জেলা প্রশাসক (রাঃ) | জেলা প্রশাসকেরকার্যালয়, কুমিল্লা | |
| ০২ | ১৬২৩০ | মোছাঃ লুৎফুননাহার নাজীম | সিনিয়র সহকারী সচিব | জন প্রশাসন মন্ত্রণালয় | |
| ০৩ | ১৭১৯৬ | জনাব ফাহমিদা হক | সিনিয়র সহকারী কমিশনার | জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী | |
| ০৪ | ১৭৩৩৩ | জনাব ফাহমি মোঃ সাঈফ | সহকারী কমিশনার (ভূমি) | নাজিরপুর, পিরোজপুর | |
| ০৫ | ১৭৩৪১ | জনাব উপমা পারিসা | সহকারী কমিশনার (ভূমি) | টাঙ্গাইল সদর, টাঙ্গাইল | |
| ০৬ | ১৭৩৬২ | উম্মে কুলসুম সম্পা | সহকারী কমিশনার (ভূমি) | সাটুরিয়া, মানিকগঞ্জ | |
| ০৭ | ১৭৪০১ | জনাব রাসেদুল হাসান | সহকারী কমিশনার (ভূমি) | ঝিনাইগাতী, শেরপুর | |
| ০৮ | ১৭৪২১ | শামীমা ইয়াসমিন | সহকারী কমিশনার (ভূমি) | করিমগঞ্জ, কিশোরগঞ্জ | |
| ০৯ | ১৭৫১৩ | জনাব মোঃ জাহিদ নেওয়াজ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট | জেলা প্রশাসকেরকার্যালয়, পাবনা | |
| ১০ | ১৭৫২৪ | জনাব মোঃ কামরুজ্জামান | সহকারী কমিশনার (ভূমি) | পঞ্চগড়সদর, পঞ্চগড় | |
| ১১ | ১৭৫৪৯ | জনাব মোঃ রনি আলম নুর | সহকারী কমিশনার (ভূমি) | খুলনাসদর, খুলনা | |
| ১২ | ১৭৫৯৩ | মোঃ মুসফিকুল আরম হালিম | সিনিয়র সহকারীসচিব | জন প্রশাসনমন্ত্রণালয় | |
| ১৩ | ১৭৫৯৬ | জনাব আবু সাঈদ | সহকারী কমিশনার (ভূমি) | কালিগঞ্জ, লালমনিরহাট | |
| ১৪ | ১৭৬৭৩ | জনাব মোহাম্মদ হুমায়ুন কবীর | সহকারী কমিশনার (ভূমি) | রায়গঞ্জ, লক্ষ্মীপুর | |
| ১৫ | ১৭৬৯৬ | জনাব মোঃ রফিকুল ইসলাম | সহকারী কমিশনার (ভূমি) | বাকেরগঞ্জ, বরিশাল | |
| ১৬ | ১৭৭১১ | জনাব মোঃ তৌহিদুল ইসলাম | সহকারী কমিশনার (ভূমি) | ভান্ডারীয়া, পিরোজপুর | |
| ১৭ | ১৭৭২৫ | জনাব শ্যামল চন্দ্র বাসাক | সহকারী কমিশনার (ভূমি) | টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ | |
| ১৮ | ১৭৭৩৬ | জনাব মোঃ সাখাওয়াত হোসেন | সহকারী কমিশনার (ভূমি) | নলছিটি, ঝালকাঠি | |
| ১৯ | ১৭৭৮২ | ইসরাত সিদ্দিকা | সহকারী কমিশনার (ভূমি) | লামা, বান্দরবান | |
| ২০ | ১৭৭৮৩ | পাপিয়া আক্তার | সহকারী কমিশনার (ভূমি) | আশাসুনি, সাতক্ষীরা | |
| ২১ | ১৭৭৮৬ | মেরিনা আফরোজ | সহকারী কমিশনার (ভূমি) | পলাশবাড়ী, গাইবান্ধা | |
| ২২ | ১৭৮০০ | জনাব আক্তারুজ্জামান | সহকারী কমিশনার (ভূমি) | গাইবান্ধাসদর, গাইবান্ধা | |
| ২৩ | ১৭৮২০ | জনাব মোঃ ইয়াসির আরাফাত | সহকারী কমিশনার (ভূমি) | জগন্নাতপুর, সুনামগঞ্জ | |
| ২৪ | ১৭৮২২ | সাহিদা আক্তার | সহকারী কমিশনার (ভূমি) | দেবিদ্ধার, কুমিল্লা | |
| ২৫ | ১৭৮৬৯ | জনাব আহমেদ সাব্বির সাজ্জাদ | সহকারী কমিশনার | জেলা প্রশাসকের কার্যালয় ঢাকা | |
| ২৬ | ১৭৮৯৫ | জনাব সাব্বির আহমেদ | সহকারী কমিশনার | বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম | |
| ২৭ | ১৭৮৯৭ | জনাব মোঃ ফখরুল ইসলাম | সহকারী কমিশনার (ভূমি) | উখিয়া, কক্সাজার | |
| ২৮ | ১৮১৮৮ | জনাব আবু আবদুল্লাহ খান | সহকারী কমিশনার | জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা | |
| ২৯ | ১৮১৯৭ | ফাতেমা খাতুন | সহকারী কমিশনার | জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম | |
| ৩০ | ১৮২১৬ | জনাব সাধনা ত্রিপুরা | সহকারী কমিশনার | জেলা প্রশাসকের কার্যালয়, বান্দরবান | |

# বিসিএস (পুলিশ)

| ক্রম | পরিচিতি নং | নাম | পদবী | কর্মস্থল | |
|---|---|---|---|---|---|
| ৩১ | ৭৬০৩১১২৯২৪ | বিজয় বসাক, বিপিএম. পিপিএম. | উপ-পুলিশকমিশনার | ডিসি (উত্তর), উত্তরবিভাগ, সিএমপি | |
| ৩২ | ৭২০৩১০৪৫৫৬ | জনাব মোঃ রিয়াজুল হক | অতিরিক্ত পুলিশ সুপার | সিআইডি | |
| ৩৩ | ৬৯০৫১০৮১৮৭ | জনাব মোঃ কফিল উদ্দিন | পুলিশ সুপার | নৌ-পুলিশ, বরিশালঅঞ্চল, বরিশাল | |
| ৩৪ | ৭৩০৫১০৯৪৭৮ | ড. এস এম ফরহাদ হোসেন | অতিরিক্ত পুলিশ সুপার | এসবি, ঢাকা | |
| ৩৫ | ৭৪০৫১২০৩৫৮ | জনাব নুরুল আমীন হাওলাদার | অতিরিক্ত পুলিশ সুপার | পুলিশ স্টাফ কলেজ | |
| ৩৬ | ৮০০৫১০৫১১৪ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | অতিরিক্ত পুলিশ সুপার | পুলিশ স্টাফ কলেজ | |
| ৩৭ | ৭৯০৫১০৪৬৫৪ | জনাব মোঃ আনোয়ারুল হক | পুলিশ সুপার | অতিরিক্ত পুলিশ সুপার, মৌলভীবাজার | |
| ৩৮ | ৭৩০৫১০২৪৭১ | কাজী মুত্তাকী ইবনু মিনান | উপ-পুলিশ কমিশনার | রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর | |
| ৩৯ | ৭৮০৫১১৬৪৪৩ | জনাব মোঃ কতুব উদ্দিন | পুলিশ সুপার | সিআইডি | |
| ৪০ | ৭৮০৫১০৮১৯০ | জনাব মোঃ ফয়সাল আহমেদ | পুলিশ সুপার | সিআইডি | |
| ৪১ | ৭৮০৫১০৪৮৫৫ | জনাব এ. কে. এম আক্তারুজ্জামান | অতিরিক্ত পুলিশ সুপার | সিআইডি | |
| ৪২ | ৭৭০৫১০৯০৩৫ | আ. স. ম. সামসুর রহমান ভূঁঞা | অতিরিক্ত পুলিশ সুপার | সিআইডি | |
| ৪৩ | ৭৭০৬১১৯৭২৮ | জনাব মোঃ আনিচুর রহমান | পুলিশ সুপার | ডিএসবি, খুলনা | |
| ৪৪ | ৭৪০৬১১৯৮৩১ | মুহাম্মদ জাহিদুল ইসলাম, পিপিএম. | পুলিশ সুপার | নড়াইল | |
| ৪৫ | ৭৭০৬১৩৩৯৮৮ | জনাব মোঃ নাসির উদ্দিন জুবায়ের | এসপি | ১ এপিবিএন, উত্তরা, ঢাকা | |
| ৪৬ | ৮১০৬১১৪২২৭ | জনাব আবদুল্লাহ আল মামুন | অতিরিক্ত পুলিশ সুপার | কুমিল্লা | |
| ৪৭ | ৭৮০৬১১২৩৬৮ | জনাব মোঃ কামরুল ইসলাম | পুলিশ সুপার | এডিসি (পশ্চিম), পশ্চিমবিভাগ, সিএমপি | |
| ৪৮ | ৮৩১২১৪৭৬৩৮ | জনাব এস এম মিজানুর রহমান | অতিরিক্ত পুলিশ সুপার | ভোলা | |
| ৪৯ | ৮৩১২১৪৭৭৫০ | জনাব মোঃ আসাদুজ্জামান | অতিরিক্ত পুলিশ সুপার | চাঁদপুর | |
| ৫০ | ৮১১২১৪৭৬৫৬ | জনাব মোঃ মাহবুবুর রহমান | অতিরিক্ত পুলিশ সুপার | পুলিম হেডকোয়ার্টার | |
| ৫১ | ৮৪১২১৪৭৭৭২ | জনাব ইসতিয়াক হাসান আমীন | এডিসি | ক্রাইম, ডিএমপি, ঢাকা | |
| ৫২ | ৭৯১০১২৬৭৬৩ | জনাব মোঃ ফখরুজ্জামান জুয়েল, পিপিএম. | অতিরিক্ত পুলিশ সুপার | সদরসার্কেল, নেত্রকোনা | |
| ৫৩ | ৮০১০১২৬৮৫৫ | জনাব মোঃ মাসুদ আলম | অতিরিক্ত পুলিশ সুপার | র‍্যাব-৬ | |
| ৫৪ | ৮২১২১৪৭৭৩০ | জনাব মোঃ মেহেদী হাসান | অতিরিক্ত পুলিশ সুপার | নবিনগর সার্কেল, বি-বাড়ীয়া | |
| ৫৫ | ৮৬১৩১৫১৪৬০ | জনাব মোঃ সামসুল আজম | অতিরিক্ত পুলিশ সুপার | বিপিএ, সারদা | |
| ৫৬ | ৭৭০৬১১৯৮০৩ | জনাব মোহাম্মদ মঞ্জুর মোর্শেদ | পুলিশ সুপার | এডিসি, সিটিএসবি, সিএমবি | |
| ৫৭ | ৭২০৬১১৯৭০৮ | জনাব মোঃ ইলিয়াস কবির | সিনিয়র সহকারী পুলিশ সুপার | ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, টাঙ্গাইল | |
| ৫৮ | ৭৭০৬১১৬৪৪২ | মোহাম্মদ আল মামুন শিকদার | অতিরিক্ত পুলিশ সুপার | প্রশাসন ও অপরাধ, শরীয়তপুর | |
| ৫৯ | ৭৬০৬১১৯৭৫০ | জনাব মোঃ শাহাদাত হোসেন | এসপি | পিবিআই, ঢাকা মেট্রো (দক্ষিণ) | |
| ৬০ | ৭৪০৬১১৪২২২ | জনাব মোঃ মিজানুর রহমান মুন্সী | এসপি | পিবিআই, নারায়নগঞ্জ জেলা | |

# বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস

| ক্রম | পরিচিতি নং | নাম | পদবী | কর্মস্থল | |
|---|---|---|---|---|---|
| ৬১ | | মোছাম্মৎ মনিরা সুলতানা | অতিরিক্ত চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট | টাঙ্গাইল | |
| ৬২ | | জনাব মোহাম্মদ মিল্লাত হোসেন | মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট | ঢাকা | |
| ৬৩ | | জনাব হাবিবুল্লাহ মাহমুদ | জেলা লিগ্যাল এইড অফিসার | সুনামগঞ্জ | |
| ৬৪ | | জনাব মোসাদ্দেক মিনহাজ | সিনিয়র সহকারী জজ | টাঙ্গাইল | |
| ৬৫ | | জনাব মোহাম্মদ মঈন উদ্দিন চৌধুরী | সিনিয়র সহকারী জজ | নারায়নগঞ্জ | |
| ৬৬ | | জনাব মোঃ জাহিদুল আজাদ | সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট | নড়াইল | |
| ৬৭ | | নাজমুন নাহার | সিনিয়র সহকারী জজ | মানিকগঞ্জ | |
| ৬৮ | | জনাব জাহেদ আহমদ | সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট | মাঙ্গামাটি | |
| ৬৯ | | জনাব মুহাম্মদ আলী আককাস | জেলা লিগ্যাল এইড অফিসার | হবিগঞ্জ | |
| ৭০ | | জনাব এস রমেশ কুমার ডাঙ্গা | সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট | গাইবান্ধা | |
| ৭১ | | গাজী জামসেদুল হক | জেলা লিগ্যাল এইড অফিসার | গাইবান্ধা | |
| ৭২ | | জনাব মুহাম্মদ সাজ্জাদ হোসেন | সহকারী পুলিশ সুপার | হবিগঞ্জ | |
| ৭৩ | | জনাব সুপ্রিয়া রহমান | সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট | বগুড়া | |
| ৭৪ | | সাদিরা সুলতানা | জেলা লিগ্যাল এইড অফিসার | সিরাজগঞ্জ | |
| ৭৫ | | জনাব সরকার হাসান শাহরিয়ার | জেলা লিগ্যাল এইড অফিসার | মৌলভীবাজার | |
| ৭৬ | | জনাব মোঃ শিবলী নোমান খান | জেলা লিগ্যাল এইড অফিসার | ঝালকাঠি | |
| ৭৭ | | জনাব সাদবীর ইয়াছিন আহমেদ চৌধুরী | মেট্রো পলিটন ম্যাজিস্ট্রেট | ঢাকা | |
| ৭৮ | | তাহমিনা আফরোজ চৌধুরী | জেলা লিগ্যাল এইড অফিসার | ফেনী | |
| ৭৯ | | জনাব ইমদাদুল হক | সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট | মুন্সিগঞ্জ | |
| ৮০ | | শাহিন আক্তার | সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট | নরসিংদী | |

পরিশিষ্ট- 'গ'

## প্রশিক্ষণ ক্যাম্পে নিয়োজিত প্রশিক্ষক উপ-সহকারী সেটেলমেন্ট অফিসারগণের নামের তালিকা

| | প্রশিক্ষক কানুনদের নাম | পদবী | মূল কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ হেদায়েতুল ইসলাম খান | উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার | জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা |
| ০২ | জনাব মোঃ আতিয়ার রহমান | উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার | জোনাল সেটেলমেন্ট অফিস, বগুড়া |
| ০৩ | জনাব মোঃ আব্দুল হান্নান-১ | উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার | জোনাল সেটেলমেন্ট অফিস, বগুড়া (সংযুক্ত: রাজশাহী জোন) |
| ০৪ | জনাব মনেন কুমার বিশ্বাস | উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার | জোনাল নাল সেটেলমেন্ট অফিস, ফরিদপুর |

পরিশিষ্ট- 'ঘ'

## প্রশিক্ষণ ক্যাম্পে নিয়োজিত প্রশিক্ষক সার্ভেয়ারগণের নামের তালিকা

| ক্রম | নাম | পদবী | মূল কর্মস্থল | |
|---|---|---|---|---|
| ০১ | জনাব নারায়ন চন্দ্র দেবনাথ | সার্ভেয়ার | জোনাল সেটেলমেন্ট অফিস, কুমিল্লা | |
| ০২ | জনাব অনন্ত কুমার মুকুট মনি | ঐ | জোনাল সেটেলমেন্ট অফিস, রাজশাহী | |
| ০৩ | জনাব মোহাম্মদ আলী | ঐ | ঐ | |
| ০৪ | জনাব মোঃ সাইফুল ইসলাম | ঐ | ঐ | |
| ০৫ | জনাব মোঃ মানিক চাঁদ | ঐ | ঐ | |
| ০৬ | জনাব মোঃ নজরুল ইসলাম | ঐ | জোনাল সেটেলমেন্ট অফিস, বগুড়া | |
| ০৭ | জনাব মোঃ শহিদুল্লাহ | ঐ | জোনাল নাল সেটেলমেন্ট অফিস, ফরিদপুর | |
| ০৮ | জনাব মোতাছিম বিল্লাহ | ঐ | জোনাল সেটেলমেন্ট অফিস, রংপুর | |
| ০৯ | জনাব মোঃ আনোয়ার হোসেন | ঐ | জোনাল সেটেলমেন্ট অফিস, পাবনা | |
| ১০ | জনাব মোঃ শরিফুল ইসলাম | ঐ | ঐ | |
| ১১ | জনাব সঞ্জয় কুমার দাস | ঐ | ঐ | |
| ১২ | জনাব মোঃ মনিরুজ্জামান | ঐ | ঐ | |
| ১৩ | জনাব মোঃ শামছুল ইসলাম-২ | ঐ | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | |
| ১৪ | জনাব মোঃ এনামুল হক | ঐ | ঐ | |
| ১৫ | জনাব মোঃ আনোয়ার হোসেন | ঐ | জোনাল সেটেলমেন্ট অফিস, বগুড়া (সংযুক্ত : চট্টগ্রাম জোন) | |

পরিশিষ্ট- 'ঙ'

# পি-৭০ সিট তৈরীর কাজে নিয়োজিতট্রাভার্স দল

| ক্রম | নাম ও পদবী | মূল কর্মস্থল | নিয়োগকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব জি. এ. রাকিব, কম্পিউটার | ভূমি রেকর্ড ও জরিপ অধদপ্তর | হেড কম্পিউটর হিসেবে সার্ভে ডাটা প্রক্রিয়াকরণ করে পি-৭০ সিট সরবরাহ করবেন |
| ০২ | জনাব মোঃ মিজানুর রহমান, সাব-সার্ভোয়ার | ঐ | স্টার কম্পোটেশন করবেন এবং পি-৭০ সিট প্রস্তুতের কাজ করবেন |
| ০৩ | জনাব রবিন্দ্রনাথ মন্ডল | ঐ | সার্ভোয়ার হিসেবে কাজ করবেন |


পরিশিষ্ট- 'চ'

# প্রশিক্ষণ ক্যাম্পে নিয়োজিত কর্মচারীগণের নামের তালিকা

| ক্রম | নাম ও পদবী | মূল কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব শাহ মোয়াজ্জেম হোসেন, প্রিন্টার | সেটেলমেন্ট প্রেস, তেজগাঁও, ঢাকা | সহযোগীতাকারী |
| ০২ | জনাব মোঃ মশিউর রহমান, প্রেসম্যান | ঐ | ঐ |
| ০৩ | এস কে এম মিরাজুল ইসলাম, গেলীবয় | ঐ | ঐ |
| ০৪ | জনাব মোঃ ছিদ্দিকুর রহমান, অফিস সহায়ক | জোনাল সেটেলমেন্ট অফিস, টাঙ্গাইল | ঐ |
| ০৫ | মোঃ আব্দুল্লাহ আল হাররুন, অফিস সহায়ক | ঐ | ঐ |
| ০৬ | জনাব মোঃ আব্দুর রশিদ, প্রাতিঃ চেইনম্যান | ঐ | ঐ |
| ০৭ | জনাব মোঃ মোশারফ হোসেন, অফিস সহায়ক | ঐ | ঐ |
| ০৮ | জনাব মোঃ শওকত আলী, প্রাতিঃ চেইনম্যান | জোনাল সেটেলমেন্ট অফিস, যশোর | ঐ |
| ০৯ | জনাব মোঃ হাবিবুর রহমান, প্রাতিঃ চেইনম্যান | ঐ | ঐ |
| ১০ | জনাব মোঃ মিজানুর রহমান, অফিস সহায়ক | ঐ | ঐ |
| ১১ | জনাব এস. এম. আসাদুজ্জামান, অফিস সহায়ক | ঐ | ঐ |
| ১২ | জনাব মোঃ ফাররুক হোসেন, গেলীবয় | সেটেলমেন্ট প্রেস, ঢাকা (সংযুক্তঃ অধিদপ্তর) | ঐ |
| ১৩ | জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা | ঐ |
| ১৪ | জনাব মোঃ হুমায়ন কবির, গাড়ী চালক | ঐ | গাড়ী চালক |

# প্রশিক্ষকগণের নামের তালিকা

- জনাব মোঃ তসলীমুল ইসলাম এনডিসি (অতিঃ সচিব), মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- জনাব মতিন উল হক, প্রাক্তন মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- জনাব ফায়েকুজ্জামান চৌধুরী, প্রাক্তন পরিচালক (ভূমি রেকর্ড), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- জনাব অমৃত বাড়ৈ, পরিচালক (ভূমি রেকর্ড), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- জনাব মোঃ শাহজাহান (অতিঃ সচিব), পরিচালক (জরিপ), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- জনাব এ.বি.এম. ফজলুর রহমান (যুগ্ম-সচিব), পরিচালক (ভূমি রেকর্ড), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- জনাব মোঃ আনিছুজ্জামান, (অতিঃ সচিব), পরিচালক (প্রশাসন),ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- জনাব আবি আবদুল্লাহ (উপ-সচিব), উপ-পরিচালক (প্রশাসন),ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- জনাব মহঃ মনিরুজ্জামান, উপ-পরিচালক (সেঃ অপাঃ-২), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- জনাব আলীম আখতার খান (সিনিয়র সহকারী সচিব), উপ-পরিচালক (অর্থ ও বাজেট), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- জনাব মোঃ আফজালুর রহমান (উপ-সচিব), উপ-পরিচালক (জরিপ), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- জনাব মোঃ মোমিনুর রশীদ (উপ-সচিব), জোনাল সেটেলমেন্ট অফিসার, ঢাকা, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- জনাব মোঃ মতিয়ার রহমান, সহকারী সেটেলমেন্ট অফিসার, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- জনাব মোঃ আব্দুল বারী ভূইয়া, উপ সহকারী সেটেলমেন্ট অফিসার, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- জনাব মোঃ মহিদুল ইসলাম,ড্রাফটসম্যান কাম এরিয়া এস্টিমেটর কাম শীট কীপার।






Back Cover Page Inner




**Back Cover Page**